
নিরাপদে উদযাপন করুন



আপনার বাড়িকে আগুন থেকে রক্ষা করুন।



মজা করার জন্য উদযাপন একটি অজুহাত হতে পারে, কিন্তু আগুনের জন্য নয়!

আপনি যখন উদযাপন করেন তখন সব শেষে যে জিনিসটি আপনার মনে আসে তা হচ্ছে ফায়ার সেইফটি বা আগুনের নিরাপদতা। কিন্তু একটু চিন্তা করে দেখুন - অনেক মেহমান, অতিরিক্ত সাজ-সজ্জা, লোকজন ধূমপান করছেন- নিত্যদিনের আগুন লাগার ঝুঁকি সমূহ বাড়ছে।

ফায়ার সেইফটির জন্য নিজেকে উপভোগ করা থেকে বিরত রাখবেন না- ঝুঁকিগুলো জেনে নিন এবং আগে থেকেই পরিকল্পনা করুন।

সাজ-সজ্জার লাইট


সাজ-সজ্জার লাইট প্রতিদিন ব্যবহৃত হয় না, সুতরাং এগুলোর ব্যাপারে অতিরিক্ত খেয়াল করুন।

- প্লাগের ফিউজটি সর্বোচ্চ কত এম্পিয়ার (amps) বহন করতে পারে তা দেখে নিন।
- বাল্বটি যদি পুড়ে যায়, বা কাজ না করে তাহলে তা বদলিয়ে ফেলুন।
- রাতে অথবা যখন আপনি বাইরে যান, তখন সাজ-সজ্জার লাইট বন্ধ করুন।
- বাল্বকে এমন কিছু স্পর্শ করতে দেবেন না যা অতি সহজেই পুড়ে যায়, যেমন কাগজ অথবা কাপড়।

মোমবাতি

মোমবাতিকে অন্য যে কোন আগুনের শিখার মতই মনে করুন।

- এগুলোকে কখনই অগোচরে রেখে যাবেন না।
- রাতে এগুলোকে সম্পূর্ণ ভাবে নিভিয়ে রাখুন।



- এগুলোকে আগুন লাগতে পারে এমন সব জিনিস যেমন ক্রিসমাস ট্রি, সাজ-সজ্জা, পর্দা ইত্যাদি থেকে দূরে রাখুন,।
- এগুলো হিট রেসিসট্যান্ট বা তাপ অপরিবাহী স্থানে নিরাপদ হোল্ডারে আছে কি না তা নিশ্চিত করুন।

সাজ-সজ্জা

অর্ধেক সুযোগ দিলেও, কাগজের সাজ-সজ্জা পুড়ে যেতে পারে।



আপনার সাধারণ বিচার বিবেচনা ব্যবহার করুন এবং সাজ-সজ্জা ও খ্রীটিং কার্ড সমূহ হিটার, লাইট, ফায়ার প্লেইস এবং মোমবাতি সমূহ থেকে দূরে রাখুন।

ফায়ার ওয়াক্স

ফায়ার ওয়াক্স নিয়ে তামাশা করবেন না- এগুলো খেলনা নয়, বিস্ফোরক।



সব সময় নির্দেশনা পড়বেন এবং শুধুমাত্র ব্রিটিশ সেইফটি স্ট্যান্ডার্ড 7114 ছাপ দেয়া ফায়ার ওয়াক্স কিনবেন।

বিস্তারিত জানতে চান? তাহলে আরও জানার জন্য ডিটিআই (DTI)-এর ফায়ার ওয়াক্স সেইফটি ওয়েবসাইট দেখুন

<http://www.dti.gov.uk/homesafetynetwork>

পার্টি করছেন?

আপনার নিজের ও অতিথিদের জন্য একটি কাজ করুন - পরবর্তী সকালের জন্য ফায়ার সেইফটির বিষয়টি ফেলে রাখবেন না !

- দরজা জানালার চাবি গুলো কোথায় পাওয়া যাবে তা আপনার অতিথিদের জানিয়ে রাখুন ।
- শিশু, বয়স্ক ও চলাফেরায় সমস্যা আছে এমন সব লোকদের প্রতি নজর রাখুন ।
- বের হওয়ার রাস্তা বাধা মুক্ত আছে কি না তা নিশ্চিত করুন ।



- যদি লোকজন ধূমপান করেন, তাহলে অতিরিক্ত অ্যাশট্রে বের করে ব্যবহারের জন্য বাইরে রাখুন এবং সব সিগারেট ঠিকমত নিভানো হয়েছে কি না তা নিশ্চিত করুন ।

আপনি যতটুকু গরম মনে করছেন এটি তার চেয়েও বেশী – সিগারেট 700°C -এরও বেশী তাপমাত্রায় পুড়তে পারে । .



মনে রাখবেন– আপনি মদ পান করে থাকলে অথবা পরিশ্রান্ত থাকলে সহজেই বেখেয়ালী হয়ে যেতে পারেন ।

স্মোক এলার্ম জীবন রক্ষা করে!

আপনার বাড়ির প্রত্যেক তলায় একটি করে
স্মোক এলার্ম লাগান এবং নিয়মিতভাবে
ব্যাটারী পরীক্ষা করুন।



যদি আগুন ধরে ...

বের হয়ে আসুন
বাহিরে থাকুন এবং

999

নাম্বারে ফোন করুন

বাস্তব ঘটনা - করুণ ক্রিসমাস



2001 সালের ক্রিসমাসের আগের দিন লয়েড ফ্যামিলী
পাশের ঘরে ড্রিং করতে গিয়েছেন মাত্র।

পলিন বললেন, 'আমি সুন্দর বাতিগুলোর ব্যাপারে দ্বিতীয়
চিন্তাটি করিনি', 'আমি শুধু ভেবেছি এগুলো কি সুন্দর
দেখাচ্ছে।'

এটি ছিল একটি ভুল এবং পলিন এটি আর স্মরণ করতে চান না।

সুন্দর বাতিগুলো জানালার পর্দায় আগুন ধরিয়ে দেয়। সৌভাগ্যবশত: আগুনের
শিখাটি এক প্রতিবেশীর নজরে আসে এবং তিনি সতর্ক করে দেন।

পলিন বললেন, 'নব বর্ষের শুরুটি ছিল আমাদের জন্য অত্যন্ত বেদনাদায়ক'।
'সামনের রুমটি ধ্বংস হয়ে গিয়েছিল। এখন আমি খুবই সতর্ক - আমি বাইরে গেলে
আর কখনও বাতি জ্বালিয়ে যাই না। এত বুকি নেয়া ঠিক নয়'।



সচেতন হউন!

জীবন রক্ষাকারী তথ্য সম্পর্কে অবহিত হউন।

যন্ত্রপাতি লাগান!

আপনার নিরাপত্তার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির উপর বিনিয়োগ করুন।

বের হয়ে আসুন!

পরিকল্পনা তৈরি করুন এবং প্রস্তুত হউন।

‘সচেতন হউন! যন্ত্রপাতি লাগান! বের হয়ে আসুন!’ এটি হলো ফায়ার সেইফটি সংক্রান্ত কতগুলো লিফলেটের একটি, যা আপনার লোকাল ব্রিগেড থেকে সংগ্রহ করা যায়। এই সিরিজের অন্যান্য লিফলেটগুলোতে ফায়ার সেইফটি যন্ত্রপাতি, পিতা-মাতা এবং ছেলেমেয়েদের জন্য ফায়ার সেইফটি সম্পর্কে উপদেশ এবং যাদের চোখের সমস্যা বা চলাফেরায় সমস্যা রয়েছে তাদের জন্য অতিরিক্ত তথ্য প্রদান করা হয়েছে। এই লিফলেটগুলো অনুদিত এবং অন্যান্য ফরমেটেও পাওয়া যায়।

ডেপুটি প্রাইম মিনিষ্টারের অফিস থেকে প্রকাশিত। ক্রাউন
কপিরাইট 2003। যুক্তরাজ্যে জানুয়ারী 2003 সালে, 75%
পোস্ট-কনজুমার ওয়েইস্ট এবং 25% ইসিএফ পাল্ল
(02DOCF00333) - এ মুদ্রিত।

Product code: Fire Celebrate 02be



আরো বিস্তারিত তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট www.firekills.gov.uk দেখুন।